

সরিষাবাড়ীতে ছাত্রদলের দু'গ্রুপে সংঘর্ষ : আহত ২৫

জামালপুর প্রতিনিধি

ভলিবল খেলার জন্য ওঠানো টাকার টাকা ভাগ-বাটোয়ারা নিয়ে সরিষাবাড়ীতে ছাত্রদলের দু'টি গ্রুপের মধ্যে গত দু'দিন ধরে

ধাওয়া-পাল্টাধাওয়া, ইট-পাটকেল নিক্ষেপ, দোকান ভাঙুরসহ ব্যাপক সংঘর্ষের ঘটনা ঘটেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ঘটনাস্থলে দাঙ্গা পুলিশ মোতায়েন করা হয়েছে।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা গেছে, একটি ভলিবল খেলার আয়োজন করেন ছাত্রদলের নেতাকর্মীরা। এর জন্য মোটা অংকের টাকা ওঠানো হয়। পরে অনিবার্য সরিষাবাড়ী : পৃষ্ঠা : ১৫ কলাম : ২

সরিষাবাড়ী : আহত

(শেষ পৃষ্ঠার পর)

কাৰণে ভলিবল খেলাটি অনুষ্ঠিত না হওয়ায় টাকার টাকার ভাগ-বাটোয়ারা নিয়ে ছাত্রদলের নেতাকর্মীদের মধ্যে বিরোধ দেখা দেয়। সরিষাবাড়ীর শিমলা বাজার ও শিমলা পল্লী এলাকার সঙ্গে স্বাধীনতাবাড়ি এলাকার ছাত্রদলের নেতাকর্মীদের এই বিরোধ সংঘাতে রূপ নেয়। ব্যঙ্গভঙ্গিয়ার উভয় পক্ষের মধ্যে দফায় দফায় ধাওয়া-পাল্টাধাওয়া, ইট-পাটকেল নিক্ষেপে সরিষাবাড়ী বাসস্ট্যান্ড এলাকা রণক্ষেত্রে পরিণত হয়। এ সময় শিমলা বাজারে-আবদুল-করিম-নামের এক বিএনপি নেতার 'ভিডিওর' দোকান ভাঙুর হয়। সংঘর্ষে কমপক্ষে ১৫ জন আহত হয়। রামদা, চাপাতি, লাঠিসোটার অঘাতে গুরুতর আহত উজ্জ্বল (২৫), বাবলু (৩৫), সোলায়মান (২৫) ও মাসুমকে (৩০) সরিষাবাড়ী হাসপাতালে ভর্তি করা হয়েছে। সংঘর্ষ থামাতে পুলিশ ব্যাপক লাঠিচার্জ করে। তরকার সকাল থেকে ওই এলাকায় ফের উল্লেখ্যনা শুরু হয়। ছাত্রদলের সঙ্গে ওইসব এলাকার বিএনপি নেতাকর্মীরা পরস্পরবিরোধী পক্ষে অবস্থা নিয়ে সংঘর্ষে লিপ্ত হয়। সংঘর্ষে আহত হয় ১০ জন। এদিকে শিমলা বাজার ও শিমলা পল্লী এলাকার বিএনপি ও তার অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা স্বাধীনতাবাড়ি এলাকার বিএনপি নেতাকর্মী ও সমর্থকদের শিমলা বাজারে আসতে বাধা দিলে তারা ঘোড়ে ঘোড়ে সশস্ত্র পাহারা বসিয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ঘটনাস্থলে দাঙ্গা পুলিশ মোতায়েন করা হয়েছে।